

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ০২/০৩/২০২১ খ্রি.


বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি সরকারি কলেজের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলকে জানান যাচ্ছে যে, আগামী ০৭/০৩/২০২১ খ্রি. তারিখ রবিবার কলেজে 'ঐতিহাসিক ৭ই মার্চ' জাতীয় দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে নিম্নে বর্ণিত কর্মসূচি অনুযায়ী পালন করা হবে। এ উপলক্ষে ভার্চুয়াল আলোচনা সভায় যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর্মসূচিসমূহ:

সকাল ৮.০০ টা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার;
সকাল ১০.০০ টা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ;
সকাল ১০.১০ টা: ভার্চুয়াল আলোচনা সভা [Zoom Meeting];

- Zoom Meeting এর লিংক যথাসময়ে জানিয়ে দেয়া হবে।
- সবাইকে যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে অনুরোধ জানানো হলো।


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। আহ্বায়ক, 'ঐতিহাসিক ৭ই মার্চ' জাতীয় দিবস-২০২১ পালন কমিটি, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি; তাঁকে যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে Zoom Meeting এর লিংকটি জানিয়ে দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৪। অফিস নথি।